যুগান্তর

08 APR 2018

তারিখ ...

পৃষ্ঠা ১৫ কলাম ২

# বন্দরে মোবাইলে উত্তরপত্র এইচএসসি পরীক্ষার্থী আটক

## সিরাজদিখানে প্রশ্নফাঁসে যুবক শ্রীঘরে

**বন্দর ও সিরাজদিখান প্রতিনিধি**

বন্দরে স্মার্ট ফোনের মেসেঞ্জারে প্রশ্ন এবং উত্তরপত্র সরবরাহ করায় এক এইচএসসি
পরীক্ষার্থীকে গ্রেফতার করেছে র‍্যাব। শনিবার বন্দরের হাজী ইব্রাহিম আলম স্কুল
অ্যান্ড কলেজ কেন্দ্র থেকে এই পরীক্ষার্থীকে গ্রেফতার করা হয়। গ্রেফতার হওয়া
পরীক্ষার্থীর নাম ওয়াসিম খান। সে বন্দরের নবীগঞ্জ ইসলামবাগ এলাকার
জালালউদ্দিনের ছেলে এবং কদমরসুল বিশ্ববিদ্যালয়ের ছাত্র বলে জানা গেছে।
উপজেলা নির্বাহী কর্মকর্তা পিন্টু বেপারি জানান, শনিবার ছিল ইংরেজি ২য় পত্রের
পরীক্ষা। হাজী ইব্রাহিম আলম চান স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে ওয়াসিম খান নামে এক
এইচএসসি পরীক্ষার্থী লুকিয়ে স্মার্টফোন নিয়ে কেন্দ্রে প্রবেশ করে। কেন্দ্রে প্রশ্নপত্র
দেয়ার পর ওয়াসিম ওই প্রশ্নপত্রের ছবি তুলে মোবাইল ফোনের মেসেঞ্জারের মাধ্যমে
বাইরে অপেক্ষমাণ দুই সহযোগীকে পাঠায়। এরপর বাইরে থেকে দুই সহযোগী
উত্তরপত্র লিখে মেসেঞ্জারের মাধ্যমে পুনরায় ওয়াসিমের কাছে পাঠিয়ে দেয়। তিনি
জানান, মেসেঞ্জারের উত্তরের সঙ্গে খাতায় লেখা উত্তরের হুবহু মিল পাওয়া যায়।
পরে টহলরত র‍্যাবের কাছে ওয়াসিমকে সোপর্দ করা হয়।

এদিকে মুন্সীগঞ্জের সিরাজদিখানে এইচএসসি ইংরেজি প্রথমপত্র প্রশ্নপত্র ফাঁসের
অভিযোগে শুক্রবার রাতে লতব্দী ইউনিয়নের রামকৃষ্ণদী গ্রাম থেকে মো. মিজানুর
রহমান নামে একজনকে গ্রেফতার করেছে র‍্যাব-১১ মুন্সীগঞ্জ। গ্রেফতার মিজানুর
উপজেলার রামকৃষ্ণদী গ্রামের মো. সিদ্দিক বেপারির ছেলে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে
ওই যুবক জানায়, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক, মেসেঞ্জার এবং ইমো
ব্যবহার করে এইচএসসি পরীক্ষার্থীদের কাছে প্রশ্ন বিক্রি করত সে।